# পত্র-পত্রিকায় রবীন্দ্র প্রসঙ্গ

দ্বিতীয় খণ্ড

# পত্র-পত্রিকায় রবীন্দ্র প্রসঙ্গ

## দ্বিতীয় খণ্ড

সংকলন ও সম্পাদনা

নন্দিনী বন্দ্যোপাধ্যায়

সূত্রধর

৯এ, নবীন কুণ্ডু লেন

কলকাতা-৭০০ ০০৯

PATRA-PATRIKAY RABINDRA PRASANGA
[ Part Two ]
[ A collection of essays on Rabindranath Tagore from different articles ]
Compiled by
Nandini Bandopadhyay

First Published
January 2011

ISBN : 978-81-7332-627-1

Price : Rs.350/- only

প্রথম প্রকাশ
জানুয়ারি ২০১১

দাম
৩৫০ টাকা মাত্র

পুনশ্চ, ১১৪এন, ডা. এস. সি. ব্যানার্জি রোড, কলকাতা-৭০০ ০১০ থেকে
সন্দীপ নায়ক কর্তৃক প্রকাশিত এবং ডটলাইন প্রিন্ট অ্যান্ড প্রসেস,
১১৪ এন, ডা. এস. সি. ব্যানার্জি রোড, কলকাতা-৭০০ ০১০ থেকে মুদ্রিত

# ভূমিকা

"আমার চিত্তে তোমার সৃষ্টিখানি
রচিয়া তুলিছে বিচিত্র তব বাণী।"

১৩০০ থেকে ১৪০০ বঙ্গাব্দের মধ্যে প্রকাশিত কয়েকটি প্রধান সাময়িকপত্র থেকে সংগৃহীত রবীন্দ্রপ্রসঙ্গ বিষয়ক প্রবন্ধের সংকলন "পত্র-পত্রিকায় রবীন্দ্র প্রসঙ্গ"। সাময়িকপত্র তার জন্মলগ্ন থেকেই বঙ্গ-সরস্বতীর সেবায় ছিল নিয়োজিত। রাজনীতি, সমাজবীক্ষা, কিংবা ধর্মচিন্তার পাশাপাশি সাহিত্য সবসময়ই সাময়িক পত্রের পাতা জুড়ে থেকেছে। এমনকি শুধু সাহিত্য সেবাও কোনো কোনো সাময়িকপত্রের মূল উদ্দেশ্য ছিল। উনিশ শতকে বাংলা সাময়িকপত্রের উন্মেষ এবং বিশ শতকে এসে তার সর্বাঙ্গীন বিকাশ সম্পন্ন হল। ক্রমে বাংলা সাহিত্যের বিশিষ্ট দিক্‌দর্শনকারী হয়ে উঠল সাময়িকপত্র। বাংলার সাহিত্যিকরা তাঁদের সাহিত্যসম্ভারে যেমন সমৃদ্ধ করলেন সাময়িকপত্রকে তেমনি বিশেষ বিশেষ সাময়িকপত্রের অনিবার্য প্রভাব এসে পড়ল বাংলা সাহিত্যে, তা মোড় ঘুরিয়ে দিল আপামর বাঙালির সাহিত্য চিন্তার।

বিশ শতকে কিংবা আমাদের আলোচ্য ১৩০০ থেকে ১৪০০ বঙ্গাব্দের মধ্যে বাংলা সাহিত্য সাধনাকে সমৃদ্ধ করেছে এমন পত্রিকার সংখ্যা অগুনতি। এর মধ্যে থেকে রবীন্দ্রচর্চার ধারাবাহিক পরিচয়সমৃদ্ধ কয়েকটি প্রধান পত্রিকাকে আমরা বেছে নিয়েছি। যার মধ্যে রয়েছে প্রবাসী, ভারতবর্ষ, মাসিক বসুমতী, শনিবারের চিঠি, বিচিত্রা, বসুধারা এবং দেশ। রবীন্দ্রনাথকে কেন্দ্র করে লিখিত গ্রন্থের বৈচিত্র্যকে স্বীকার করেও বলছি, এত বিচিত্রভাবে রবীন্দ্রনাথের জীবন, সাহিত্য, চিন্তাভাবনা কিংবা কর্মজগত এই পত্রিকাগুলোর পাতায় খ্যাত-অখ্যাত মানুষের কলমে উঠে এসেছে অবিরামভাবে যার গভীরতা, বিস্তৃতি কিংবা সৌরভ কোনো একটি গ্রন্থে পাওয়া অসম্ভব। রবীন্দ্রনাথকে ঘিরে গোটা একটি যুগের সামগ্রিক চিন্তাকে অক্ষয় করে রাখতে গেলে এইসব ছাইচাপা পরশপাথরকে আমাদের আবিষ্কার করতেই হবে। না হলে রবীন্দ্র আলোচনায় তথা বাংলা সাহিত্য আলোচনারই একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ইতিহাস হারিয়ে যাবে চিরতরে—বিশেষত এইসব সাময়িকপত্র সংরক্ষণ কিংবা উৎসুক পাঠকের কাছে তাকে নতুন করে তুলে ধরার কোনো ব্যবস্থাই যখন আমাদের নেই।

তাই এই প্রয়াস—যে প্রয়াসে এমন দুটি অধ্যায়কে একসঙ্গে বাঁধতে চেয়েছি যারা উভয়েই সৃষ্টির দিক থেকে এক অবিরাম প্রবহমানতা ও ধারাবাহিকতার প্রতীক। রবীন্দ্রনাথ যেমন সাহিত্য সৃষ্টির ক্ষেত্রে কিংবা বাস্তব জীবনের কর্মকাণ্ডে প্রতিটি সময় পর্ব থেকে পর্বান্তরে ছুটে বেড়িয়েছেন তেমনি একটি সাময়িকপত্র থেমে গেলে তার কাছ থেকে সাহিত্যসেবার মশালটি নিয়ে এগিয়ে গেছে অন্য সাময়িকপত্র,—হয়ত নতুন কোনো দিকে, নতুন কোনো লক্ষ্যে—কিন্তু চলা তো তার থামে নি। প্রবাসী, ভারতবর্ষ থেমে গেছে কিন্তু আজও তো চলছে দেশ কিংবা পরিচয়, কিংবা কবিতীর্থ, কোরক, কৃত্তিবাস, পরিকথারা। এবং সেখানে অবিরামভাবেই চলছে রবীন্দ্র-আলোচনাও। তাই রবীন্দ্রনাথের জন্মের সার্ধশতবর্ষে এই দুই স্রোতস্বিনীকে মিলিয়ে ধরে আমাদের সংকলনের আত্মপ্রকাশ।

রবীন্দ্রনাথ আজ কালজয়ী আর এই কালজয়ী স্রষ্টার যাবতীয় কর্মের পেছনে সাময়িকপত্রের অবদান তো কম নয়। 'ভারতী' পত্রিকায় লেখা দিয়েই তো তাঁর সাহিত্যজীবনের সূচনা। তারপর তো একে একে জড়িয়ে গেছেন বালক, নবপর্যায় বঙ্গদর্শন, হিতবাদী, সাধনা, সবুজপত্র কিংবা প্রবাসীর সঙ্গে। এক একটি পত্রিকার সঙ্গে যুক্ত হয়েছেন আর তাঁর সৃষ্টির তরণি পৌঁছে গেছে এক ঘাট থেকে অন্য ঘাটে। পাশাপাশিই অন্যান্য সাময়িকপত্রে চলেছে রবীন্দ্রপ্রসঙ্গের নিরন্তর অবতারণা।

কত বিচিত্র দিক থেকেই না বিচিত্র মানুষের কাছে প্রতিভাত হয়েছেন রবীন্দ্রনাথ। কখনও তাঁর জীবন কখনও তাঁর জীবনদর্শন পর্যালোচিত হয়েছে, কখনও সাহিত্যিক রবীন্দ্রনাথ তো বটেই পর্যালোচিত হয়েছেন নাট্য প্রযোজক-পরিচালক রবীন্দ্রনাথ, গীতিকার রবীন্দ্রনাথ, শিল্পী রবীন্দ্রনাথ এমনকি আবৃত্তিকার রবীন্দ্রনাথ। অন্যান্য বিখ্যাত সহিত্যিক কিংবা রাজনীতিজ্ঞ কিংবা ধর্মগুরুকে রবীন্দ্রনাথ কীভাবে দেখেছেন সেটা যেমন বিচার্য হয়েছে তেমনি করা হয়েছে অন্যান্য ব্যক্তিত্বের সঙ্গে তাঁর তুলনা। আর এই সমস্ত গবেষণার সাক্ষী হয়ে আছে সাময়িকপত্রের পাতা। সেইসব ধুলোয় মলিন, ছেঁড়া, কীটদষ্ট কিংবা কীট পোকা মাকড়মারার বিষাক্ত ওষুধে ভরা পাতা থেকে দশ-বারো বছর ধরে একটু একটু করে তুলে এনেছি মূল্যবান সব রত্ন। আমাদের সংকলনের এই দ্বিতীয় খণ্ডের প্রথম পর্বটিতে রয়েছে রবীন্দ্রনাথের জীবন ও জীবন-দর্শন সংক্রান্ত আলোচনাসমৃদ্ধ প্রবন্ধগুলি—রবীন্দ্রনাথ, রবীন্দ্র জীবনদর্শন, রবীন্দ্র দর্শনের ভূমিকা, রবীন্দ্র দর্শনে দ্বন্দ্ব সৃষ্টির পরিকল্পনা, ব্রহ্ম উপাসক রবীন্দ্রনাথ রবীন্দ্রনাথের মানবতাবাদ, রবীন্দ্রনাথ ও বৈরাগ্য সাধনা, চন্দননগরে 'সন্ধ্যা-সংগীত'-এর

কবি, মোরান ভিলায় রবীন্দ্রনাথের সুরের সৃজন, ভিক্টোরিয়া ওকাম্পো : ভালোবাসা ইত্যাদি। লেখকদের মধ্যে রয়েছেন হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, সুধীরকুমার নন্দী, সমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, জীবনকৃষ্ণ মাইতি, বীরেন নাথ, মৃণাল ঘোষ, প্রভাতকুমার মুখোপাধ্যায়, চিত্তরঞ্জন গোস্বামী, কৃষ্ণ কৃপালনি প্রমুখ।

দ্বিতীয়ভাগে 'রবীন্দ্র প্রতিভার নানাদিক' চিত্রিত হয়েছে নানা চিন্তাবিদের কলমে। রবীন্দ্রনাথের ছবি সম্পর্কে আলোকপাত করেছেন বিনোদবিহারী মুখোপাধ্যায়, মনীন্দ্রভূষণ গুপ্ত, বিষ্ণু দে, সৌমেন্দ্রনাথ ঠাকুর, পূর্ণানন্দ চট্টোপাধ্যায়, সুশোভন অধিকারী প্রমুখ। সংকলিত হয়েছে রবীন্দ্রনাথের ছবি, রবীন্দ্রনাথের চিত্রলিপি, রবীন্দ্রনাথের ছবি আঁকার সময় সম্পর্কিত কিছু কথা, রবীন্দ্রনাথের ছবি ও সাহিত্য সম্বন্ধ বিচার ইত্যাদি প্রবন্ধ।

তিনি তো বলতেন আর সবকিছু হারিয়ে গেলেও তাঁর গান থেকে যাবে পৃথিবীর বুকে, তিনি তো গানের ভেতর দিয়েই বিশ্বকে দেখেছেন, গান দিয়েই তো অঞ্জলি দিয়েছেন বিশ্বেশ্বরকে—

"গানের ভিতর দিয়ে যখন দেখি ভুবনখানি
তখন তারে চিনি আমি, তখন তারে জানি।।
তখন তারি আলোর ভাষায় আকাশ ভরে ভালোবাসায়,
তখন তারি ধুলায় ধুলায় জাগে পরম বাণী।।"

—রবীন্দ্রনাথের গানের প্রসঙ্গে অবধারিতভাবেই কলম ধরেছেন বহু মানুষ। আমাদের সংকলনে গানের রাজা রবীন্দ্রনাথ, রবীন্দ্রনাথের গান, রবীন্দ্রসংগীতে ছন্দ ও তাল, রবীন্দ্রনাথের গানের গায়কি, গানের ভিতর দিয়ে রবীন্দ্রজগত, দিনুঠাকুর ও রবীন্দ্রসংগীত, গীতিকার রবীন্দ্রনাথ, শ্রোতা ও গায়ক রবীন্দ্রনাথ ইত্যাদি বহুবিধ প্রবন্ধে প্রণতি মুখোপাধ্যায়, সৌমেন্দ্রনাথ ঠাকুর, প্রফুল্লকুমার দাস, জয়দেব রায়, প্রভাতকুমার মুখোপাধ্যায়, ধীরেন্দ্রনাথ দত্ত, কণিকা বন্দ্যোপাধ্যায়েরা শুনিয়েছেন রবীন্দ্রনাথের গান সম্পর্কে নানা কথা।

শুধু গানই বা কেন বাংলার নৃত্যকেও প্রথম একটি আনুষ্ঠানিক চরিত্র, একটি সাংগঠনিক মর্যাদা দিয়েছিলেন রবীন্দ্রনাথ। রবীন্দ্রনাথের নৃত্যভাবনা ধরা রয়েছে শান্তিদেব ঘোষের লেখা 'রবীন্দ্র নৃত্যনাট্যের ক্রমবিকাশ', 'নৃত্যের তালে তালে প্রবন্ধে', আবার রবীন্দ্রনাথের মঞ্চনাট্যভাবনা প্রতিফলিত হয়েছে 'নাট্যকলা ও রবীন্দ্রনাথ' কিংবা 'কবিশেখর রবীন্দ্রনাথ' ঠাকুর প্রবন্ধে। অশোককুমার মুখোপাধ্যায়ের 'রবীন্দ্রনাথের আবৃত্তির স্বরলিপি ও লিওস জানাশেক' প্রবন্ধে আবৃত্তিকার হিসেবে রবীন্দ্রনাথের আর এক সত্তা আমাদের কাছে উদ্ঘাটিত হয়।

এই খণ্ডের তৃতীয়ভাগটি খুবই চিত্তাকর্ষক। রবীন্দ্রনাথের সঙ্গে বিভিন্ন ব্যক্তিত্বের সংযোগ, বৈপরীত্য কিংবা তুলনা খুবই বিচক্ষণতার সঙ্গে ধরা পড়েছে অভিজ্ঞ পণ্ডিতদের কলমে। কোথাও আবার প্রতিভাত হয়েছে রবীন্দ্রদৃষ্টিতে অন্যান্য ব্যক্তিত্বের স্বরূপ। উল্লেখ্য প্রবন্ধগুলির মধ্যে রয়েছে রবীন্দ্রনাথ ও ডাক্তার ফ্রয়েড। দুই কবি : জয়দেব ও রবীন্দ্রনাথ, রবীন্দ্রনাথ ও বিবেকানন্দ, রবীন্দ্রনাথের প্রতি নজরুল, রবীন্দ্রনাথ ও দ্বিজেন্দ্রলাল, শ্রী অরবিন্দ ও রবীন্দ্রনাথ, শ্রীরামকৃষ্ণ ও রবীন্দ্রনাথ, রবীন্দ্রনাথ ও সুভাষচন্দ্র, মহাত্মাগান্ধি ও রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ, আইনস্টাইন ও রবীন্দ্রনাথ। একটি আলেখ্য প্রভৃতি। লেখকরা হলেন সরসীলাল সরকার, নরেন্দ্রনাথ ভট্টাচার্য্য, সুধাংশুমোহন বন্দ্যোপাধ্যায়, এম আবদুর রহমান, নলিনীকুমার ভদ্র, আনন্দগোপাল ভট্টাচার্য্য, প্রভাতকুমার মুখোপাধ্যায়, বিশ্বনাথ রায়, অলোকরঞ্জন দাশগুপ্ত, বিশ্বনাথ রায়, ভবতোষ দত্ত প্রমুখ।

এই প্রবন্ধ পরিচিতি ও লেখকসূচিই কিছুটা হলেও পাঠককে বুঝিয়ে দেবে সাময়িকপত্রে রবীন্দ্রচর্চার পরিমাণ কতটা বিচিত্রগামী, গভীর এবং ব্যাপক যা আজ কালের গর্ভে চিরতরে হারিয়ে যাওয়ার জন্য দিন গুনছে। যার একটা সামান্য অংশই আমি আপনাদের সামনে তুলে ধরতে পারলাম। আমার সাধনা এবং পরিশ্রম যদি ভবিষ্যতের কোনো গবেষককে উদ্বুদ্ধ করে তবেই সার্থক হবে এ উদ্যোগ। এই বিপুলাকার গ্রন্থ প্রকাশের জন্য যেভাবে সহায়তা করেছেন বাংলা প্রকাশনা জগতের অন্যতম পুরোধা সংস্থা 'পুনশ্চ' তাতে তাঁদেরকে কৃতজ্ঞতা জানানোর ভাষা নেই। গ্রন্থের দোষত্রুটি সমালোচনা আমি মাথা পেতে নেব আর যেটুকু ভালো তার সবটুকু রইল গ্রন্থের লেখকদের জন্য।

যে সকল গ্রন্থাগার থেকে সহায়তা পেয়েছি সে সকলের কর্মীবৃন্দকে এবং আমার পরিবারের সকলকে কৃতজ্ঞতা জানাই। আর স্মরণ করি তাঁকে, যিনি,

প্রভু আমার, প্রিয় আমার পরম ধন হে।
চিরপথের সঙ্গী আমার চিরজীবন হে।

জানুয়ারি ২০১১

নন্দিনী বন্দ্যোপাধ্যায়
অধ্যাপিকা
বহরমপুর গার্লস কলেজ

# সূচিপত্র

## র বী ন্দ্র জী ব ন ও দ র্শ ন


| | | |
|---|---|---|
| রবীন্দ্রনাথ | হেমেন্দ্রপ্রসাদ ঘোষ | ৩ |
| রবীন্দ্র-জীবনদর্শন | জীবনময় রায় | ২৩ |
| রবীন্দ্র-দর্শনের ভূমিকা | সুধীর নন্দী | ২৭ |
| রবীন্দ্র-দর্শনে দ্বন্দ্ব সৃষ্টির পরিকল্পনা | সমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় | ৩৩ |
| রবীন্দ্র-মানসদর্পণ | আশুতোষ সান্যাল | ৩৬ |
| রবীন্দ্রনাথ ও শ্রীমদ্ভাগবত | খেলা গুহ | ৩৯ |
| ব্রহ্ম-উপাসক রবীন্দ্রনাথ | জীবনকৃষ্ণ মাইতি | ৫০ |
| রবীন্দ্রনাথের মানবতাবাদ | সুধীরকুমার নন্দী | ৬০ |
| রবীন্দ্রনাথের চোখে মৃত্যু | কৃষ্ণচন্দ্র চন্দ | ৬৬ |
| রবীন্দ্রনাথ ও বৈরাগ্যসাধনা | ত্রিপুরাশঙ্কর সেন | ৭০ |
| চন্দননগরে 'সন্ধ্যা সংগীত-এর কবি | বীরেন নাথ | ৭৪ |
| মোরান ভিলায় রবীন্দ্রনাথের সুরের-সৃজন-লীলা | মৃণাল ঘোষ | ৭৭ |
| চিত্ত বিশ্রাম : রবীন্দ্রনাথ | শান্তিসুধা ঘোষ | ৮৩ |
| রবীন্দ্রনাথের সহচরবৃন্দ | প্রভাত কুমার মুখোপাধ্যায় | ৯০ |
| সৌন্দর্যদর্শনে রবীন্দ্রনাথ ও শ্রী অরবিন্দ | চিত্তরঞ্জন গোস্বামী | ৯৩ |
| ভিক্টোরিয়া ওকাম্পো : 'ভালোবাসা' | কৃষ্ণ কৃপালনী | ৯৯ |
| উত্তরায়ণে কবির বাসগৃহ | দেবীপ্রসন্ন চট্টোপাধ্যায় | ১০৮ |
| রবীন্দ্রনাথের শিক্ষারম্ভ | প্রবোধচন্দ্র সেন | ১১৬ |


## র বী ন্দ্র প্র তি ভা র  না না  দি ক


| | | |
|---|---|---|
| রবীন্দ্রনাথের ছবি | বিনোদবিহারী মুখোপাধ্যায় | ১২৩ |
| গানের রাজা রবীন্দ্রনাথ | প্রণতি মুখোপাধ্যায় | ১২৫ |
| রবীন্দ্রনাথের 'চিত্রলিপি" | মণীন্দ্রভূষণ গুপ্ত | ১২৮ |
| রবীন্দ্রনাথের গান | সৌমেন্দ্রনাথ ঠাকুর | ১৩০ |
| শ্রীযুক্ত যামিনী রায়ের রবীন্দ্রকথা | বিষ্ণু দে | ১৩৪ |
| রবীন্দ্রনাথের ছবি | সৌমেন্দ্রনাথ ঠাকুর | ১৩৬ |
| রবীন্দ্রসংগীতে ছন্দ ও তাল | প্রফুল্লকুমার দাস | ১৩৯ |

| | | |
|---|---|---|
| দিনু ঠাকুর ও রবীন্দ্রসংগীত | জয়দেব রায় | ১৪৭ |
| রবীন্দ্রসংগীতের মূল্যায়ন | প্রফুল্লকুমার দাস | ১৫১ |
| গীতিকার রবীন্দ্রনাথ | সুধাংশু চৌধুরী | ১৫৫ |
| নাট্যকলা ও রবীন্দ্রনাথ | প্রভাতচন্দ্র গুপ্ত | ১৬০ |
| শ্রোতা ও গায়ক রবীন্দ্রনাথ | জয়দেব রায় | ১৬৫ |
| রবীন্দ্রসংগীতে ধ্যানরূপ | প্রভাতকুমার মুখোপাধ্যায় | ১৬৮ |
| রবীন্দ্রসংগীতের ধারা | জয়দেব রায় | ১৭৫ |
| রবীন্দ্রসংগীতের দক্ষিণী সুর | জয়দেব রায় | ১৭৯ |
| সহজ সুরে | কণিকা বন্দ্যোপাধ্যায় | ১৮৬ |
| রবীন্দ্রনাথের আবৃত্তির স্বরলিপি ও লিওস জানাশেক | অশোক কুমার মুখোপাধ্যায় | ২১৭ |
| স্বল্পজ্ঞাত মানস মহাদেশে খসড়া | পূর্ণানন্দ চট্টোপাধ্যায় | ২২৪ |
| রবীন্দ্রনাথের ছবি আঁকার সময় সম্পর্কিত কিছু কথা | সুশোভন অধিকারী | ২২৭ |
| কবিশেখর রবীন্দ্রনাথ ঠাকুর | সুভাষ চৌধুরী | ২৩৫ |
| রবীন্দ্র-নৃত্যনাট্যের ক্রমবিকাশ | শান্তিদেব ঘোষ | ২৪৩ |
| রবীন্দ্রনাথের গানের গায়কি | পার্থ বসু | ২৫৭ |
| নৃত্যের তালে তালে | শান্তিদেব ঘোষ | ২৬৩ |
| গানের ভিতর দিয়ে রবীন্দ্র-জগৎ | হীরেন্দ্রনাথ দত্ত | ২৬৭ |

## প্রসঙ্গ তুলনায় ও আলোচনায়
## বিখ্যাত ব্যক্তিত্ব ও রবীন্দ্রনাথ

| | | |
|---|---|---|
| রবীন্দ্রনাথ ও ডাক্তার ফ্রয়েড | সরসীলাল সরকার | ২৮১ |
| দুই কবি—জয়দেব ও রবীন্দ্রনাথ | নরেন্দ্রনাথ ভট্টাচার্য | ২৮৭ |
| রবীন্দ্রনাথ ও বিবেকানন্দ | সুধাংশুমোহন বন্দ্যোপাধ্যায় | ২৯৪ |
| রবীন্দ্রনাথের প্রতি নজরুল | এম আবদুর রহমান | ৩০৩ |
| রবীন্দ্রনাথ ও দ্বিজেন্দ্রলাল | বাসুদেব সাহা | ৩১৩ |
| শ্রীঅরবিন্দ ও রবীন্দ্রনাথ | চিত্তরঞ্জন গোস্বামী | ৩১৮ |
| শ্রীরামকৃষ্ণ ও রবীন্দ্রনাথ | নলিনীকুমার ভদ্র | ৩২৪ |
| রবীন্দ্রনাথ ও দীনেশচন্দ্র সেন | নলিনীকুমার ভদ্র | ৩৩০ |
| রবীন্দ্রনাথ ও সুভাষচন্দ্র | তারিণী শঙ্কর চক্রবর্তী | ৩৩৬ |
| মহাত্মা গান্ধি ও রবীন্দ্রনাথ | আনন্দ গোপাল ভট্টাচার্য | ৩৪৪ |
| এক বিস্মৃত সাহিত্যিক ও রবীন্দ্রনাথ | সুজিতকুমার সেনগুপ্ত | ৩৫১ |
| নিকোলাস রোএরিক ও রবীন্দ্রনাথ | প্রভাতকুমার মুখোপাধ্যায় | ৩৫৯ |
| রবীন্দ্রনাথ ও মুনশি প্রেমচন্দ্ | বিশ্বনাথ রায় | ৩৬৩ |
| আইনস্টাইন/রবীন্দ্রনাথ একটি আলেখ্য | আলোকরঞ্জন দাশগুপ্ত | ৩৬৬ |
| বঙ্কিমচন্দ্রের রচনায় রবীন্দ্রপ্রভাব | অমিত্রসূদন ভট্টাচার্য | ৩৭২ |
| রবীন্দ্রনাথ ও আর এক কবি মধুসূদন | বিশ্বনাথ রায় | ৩৭৬ |
| শ্রীচৈতন্য রবীন্দ্রনাথের দৃষ্টিতে | ভবতোষ দত্ত | ৩৮০ |
| বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ | ভবতোষ দত্ত | ৩৮৭ |
| গ্রন্থ ও লেখকের নাম | | ৪০৩ |
| ব্যক্তির নাম | | ৪০৪ |
| রচনার নাম | | ৪০৯ |
| গান | | ৪১৪ |

# রবীন্দ্রজীবন ও দর্শন